Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই শ্রাবণ বুধবার ১৩৬৫ ইংরাজী 23rd July. 1958 { ১০ম সংখ্যা

১লা শ্রাবণ ১৮৮০ শকাব্দ




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

**"রাণী রাসমণি"**

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৭ই শ্রাবণ বুধবার সন ১৩৬৫ সাল।

## আমাকে জাগিয়ে দিও মা!

—॰—

আমাদের দেশে একটা হাসির গল্প প্রচলিত আছে। সেটা ঠাট্টা তামাসা ক'রেই বলা হইত। এবারে পশ্চিমবঙ্গ বিধান সভার মধ্যে সত্য সত্যই সেই অসম্ভব গল্পের সত্যতা কতকটা মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে।

### হাসির গল্পটি

কন্যা আসন্ন প্রসবা, মায়ের কাছে রোজই রাত্রে শয়ন ক'রে ঘুম যায়। কন্যা মাকে রোজ হুসিয়ার করিয়া দেয়—মা, আমার যখন খোকা হবে তখন আমাকে জাগিয়ে দিও। আমি খোকাকে সবার আগে দেখবো। মা, রোজ রোজ বলতেন বেশ এখন ঘুমো। রোজ রোজ শুন্‌তে শুন্‌তে বিরক্ত হয়ে বল্লেন—যখন তোর খোকা হবে তখন তোর ঘুম ভাঙাতে হবে না। তুই পাড়াশুদ্ধ লোকের ঘুম ভাঙাবি।

### সংবাদটি দেখুন

### সীমান্তে নিরাপত্তা ব্যবস্থার জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ

#### ডাঃ রায়ের নিকট স্পীকার সহ বিধান সভার ২৮ জন সদস্যের স্মারকলিপিতে চাপ দিবার অনুরোধ

ভারতের বিরুদ্ধে সামরিক অভিযান চালাইবার উদ্দেশ্যে পূর্ব্ব-পাকিস্তান সরকার সীমান্তে সৈন্যবাহিনী মোতায়েন, পরিখা খনন ও অন্যান্য ব্যবস্থা অবলম্বন করায় ২৪ পরগণা, মুর্শিদাবাদ ও নদীয়ার জনগণের মধ্যে দারুণ উদ্বেগ ও আতঙ্কের সঞ্চার হইয়াছে এবং ঐ তিনটি জেলার জনসাধারণের জীবন ও সম্পত্তির নিরাপত্তার জন্য পর্য্যাপ্ত ব্যবস্থা অবলম্বন করিবার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারকে চাপ দিবার জন্য পশ্চিমবঙ্গ বিধান সভার স্পীকার, পশ্চিমবঙ্গের দুইজন উপমন্ত্রী ও বিধান সভার ২৮ জন সদস্যের স্বাক্ষর সম্বলিত একটি স্মারকলিপি শুক্রবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নিকট পেশ করা হয়।

উক্ত স্মারকলিপিতে স্পীকার শ্রীশঙ্করদাস ব্যানার্জ্জী, উপমন্ত্রী শ্রীস্মরজিৎ ব্যানার্জ্জী, উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জ্জী, শ্রীনিরঞ্জন মোদক, শ্রীপ্রমথরঞ্জন ঠাকুর, শ্রীহরিদাস দে, শ্রীমণীন্দ্রভূষণ বিশ্বাস, শ্রীমহানন্দ হালদার, শ্রীশ্যামাপদ ভট্টাচার্য্য, শ্রীবিজয়কুমার ঘোষ, শ্রীপ্রফুল্লনাথ ব্যানার্জ্জী, শ্রীলুৎফল হক, শ্রী এস এস ফজলুর রহমান, শ্রীজাহাঙ্গীর কবির, শ্রীপরিমল ঘোষ, শ্রীমহম্মদ ইসরাইল, শ্রীআবদুল হালিম, শ্রীজগন্নাথ মজুমদার, শ্রীআবদুস সুকুর, শ্রীজিয়াযুল হক, শ্রীখগেন্দ্রনাথ নস্কর, শ্রীখগেন্দ্রনাথ দাস, শ্রীহংসধ্বজ ধারা, শ্রীবৃন্দাবন গায়েন, শ্রীরাজকৃষ্ণ মণ্ডল, শ্রীআবুল হাসেম, শ্রীবিজয়লাল চ্যাটার্জী, শ্রীনেপাল রায়, শ্রীঅর্দ্ধেন্দুশেখর নস্কর শ্রীগোবর্দ্ধন ত্রিবেদী ও শ্রীকুবেরচাঁদ হালদার স্বাক্ষর করিয়াছেন। কেন্দ্রীয় সরকার জাগলে হয়।

---

### ভবানীপুর উপনির্বাচনে ভোটার ভেল্কি

#### বিধান সভায় প্রশ্নোত্তর

বিধানসভায় সোমবার প্রশ্নোত্তর শেষ হইবার পরই বিরোধীপক্ষের নেতা শ্রীজ্যোতি বসু একটি জরুরী বিষয়ে স্পীকারের দৃষ্টি আকর্ষণ করিয়া বলেন যে, ভবানীপুর উপ-নির্বাচনের ভোটার তালিকায় প্রায় ১২ শত ভোট এমনভাবে ছাঁটিয়া ফেলা হইয়াছে, যাহা একটা ষড়যন্ত্রের পরিচয় দিতেছে। তিনি বলেন যে, ঘটনাটি গতকাল তাঁহার দৃষ্টিতে আনা হইয়াছে এবং চূড়ান্ত তালিকা প্রকাশিত হইয়া যাওয়ার পর ইহা ঘটায় এখন আর উহার প্রতিকারের কোন উপায় থাকিতেছে না। তিনি এ-বিষয়ে মুখ্যমন্ত্রীর জবাব চান এবং যাঁহারা এই কাণ্ড ঘটাইয়াছেন, তাঁহাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হইবে কিনা তাহা জানিতে চান। স্পীকার এই সময় বাধা দিয়া জিজ্ঞাসা করেন যে, তাঁহার যতদূর জানা আছে, নির্বাচনী আইনে এইরূপ ত্রুটি সংশোধনের উপায় আছে। তিনি উল্লেখ করেন যে, ভোটারেরা ৫৲ টাকা করিয়া ফী দিয়া তালিকায় তাঁহাদের নাম তুলিতে পারেন। শ্রীসুধীর রায়চৌধুরী প্রশ্নটির আলোচনায় যোগ দিয়া বলেন যে, এই বিষয়ে তিনি নিজে অনুসন্ধান করিয়াছেন এবং কতকগুলি জিনিষ সন্দেহজনক ও চক্রান্তমূলক বলিয়া স্পষ্টই প্রতীয়মান হইতেছে। ৩ ব্যক্তির দরখাস্তক্রমে মোট ১২ শত ভোটারের নাম তালিকা হইতে আকস্মিকভাবে বাদ দেওয়া হইয়াছে। ১২ শত ভোটারই মধ্যবিত্ত বাঙ্গালী-পাড়ার লোক।

ইঁহাদের নাম বাদ দেওয়ার কারণ দেখানো হইয়াছে যে, ইঁহাদের উল্লিখিত ঠিকানায় সন্ধান পাওয়া যায় নাই। তিনি ঐরূপ বাদ পড়া নাম উল্লেখ করিয়া বলেন যে, ইঁহারা পাড়ায় বহুল পরিচিত ব্যক্তি, হাইকোর্টের ব্যারিষ্টার এবং এড্‌ভোকেটও আছেন, এমন কি স্পীকারেরও পরিচিত। কয়েকটি ক্ষেত্রে এমন ঘটিয়াছে যে, ভোটার তাঁহার নামের বানান কিংবা বাড়ীর ঠিকানা দরখাস্ত করিয়া শুদ্ধ করাইয়াছেন এবং যে-সংশোধিত তালিকায় ঐ শুদ্ধ নাম ছাপা হইয়াছে, তাহারই তলায় দেখানো হইতেছে যে, ইঁহাদের সন্ধান নাই বলিয়া ভোটার তালিকা হইতে বাদ দেওয়া হইল। আরও আশ্চর্য্যের বিষয়, নামগুলি বাদ দিবার দরখাস্ত একই তারিখে তিন ব্যক্তি করিয়াছেন এবং নাম কাটিবার পূর্ব্বে যে নোটিশ দেওয়ার কথা, তাহা হাতে-হাতে, রেজিষ্ট্রী ডাকে অথবা বাড়ীতে টাঙ্গাইয়া দিয়া, কোনভাবেই পাঠানো হয় নাই। একজন কর্ম্মচারীই ১২ শত নোটিশ জারী করিয়াছেন বলিয়া কাগজেপত্রে দেখানো হইতেছে এবং সেই কর্ম্মচারীও অস্থায়ী এবং সরকারী দপ্তর তাঁহার ঠিকানা দিতে পারিতেছেন না। তিনি বলেন যে, প্রত্যেকে ৫৲ টাকা জরিমানা দিয়া নামগুলি তালিকার অন্তর্ভুক্ত করার অর্থ এই যে, ঐ জন্যই ৬ হাজার টাকা ব্যয় করিতে হইবে, যাহা অসম্ভব।

স্পীকার বলেন যে, ন্যায্য ভোটাধিকারীরা নিজেরা ৫৲ টাকা করিয়া দিয়া ইহা সংশোধন করাইতে পারেন, তিনি ঐরূপ জানেন। যাই হোক্,

বিষয়টি তিনি মুখ্যমন্ত্রীর দৃষ্টিগোচর করিবেন এবং তাঁহার জবাব তিনি সভাকে জানাইবেন।

---

### রামরূপে ধনু ধর কৃষ্ণরূপে বাঁশী

শ্রীডেবরজী ভারতের জাতীয় মহাসভা কংগ্রেসের সভাপতি হওয়ার পূর্ব্বে শ্রীজহরলাল নেহরু একাই ছিলেন ভারতের প্রধান মন্ত্রী ও ভারতীয় জাতীয় মহাসভার সভাপতিও ছিলেন এই দুটিই একব্যক্তির অধিকারে থাকা খুব অশোভন হয় ভাবিয়া জহরলালজী শেষোক্ত পদটি শ্রীইউ, এন ডেবরের হস্তে সমর্পণ করিয়া একটি পদ লইয়াই সন্তুষ্ট আছেন। এখন পর্য্যন্ত পশ্চিমবাংলার কংগ্রেসাধিপতি শ্রীঅতুল্য ঘোষ মহাশয় কংগ্রেসাধিপতির ও আসানসোল অঞ্চল হইতে নির্ব্বাচিত এম, পির পদ অবাধে অধিকার করিয়া আছেন। এতদিনে বুঝি কর্ত্তাদের নজর পড়িয়া শ্রীঘোষকে একটি পদ ছাড়ার ঘোষণা হইয়াছে। লোকে বলে তিনি পশ্চিমবঙ্গের কংগ্রেসাধিপতির পদটিই পছন্দ করেন। কংগ্রেসের কয়েকটি তরুণ তাঁর আধিপত্য হইতে কংগ্রেসের মুক্তি চান।

---

### রঘুনাথগঞ্জ হাই স্কুলের কার্য্য নির্ব্বাহক সমিতি

গত ২১শে জুলাই সোমবার স্কুলের অন্যতম সদস্য শ্রীপ্রসন্নকুমার মুখোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে কার্য্যনির্ব্বাহক সমিতির কর্ম্মকর্ত্তা নির্ব্বাচিত হইয়াছেন। জঙ্গিপুরের মহকুমা শাসক—সভাপতি, ডাঃ রাধানাথ সরকার, এল-এম-এফ, সহ-সভাপতি ও ডাঃ শ্রীশান্তিময় রায় চৌধুরী, এম, বি সম্পাদক নির্ব্বাচিত হইয়াছেন।

---

### পয়ঃপ্রণালী

অন্যান্য বৎসর বর্ষার পূর্ব্বে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর মাটীর ড্রেনগুলি কাটাইয়া বৃষ্টির জল নির্গমনের ব্যবস্থা করা হইত। এবারে উহা না হওয়ায় সামান্য বৃষ্টির জলও রাস্তায় জমা হইয়া পথচারিগণের ও গৃহস্থগণের অসুবিধা হইতেছে। আমরা এ বিষয়ে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## জঙ্গিপুর সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের বাৎসরিক সভা

বিগত ১২ই জুলাই শনিবার বেলা ২ ঘটিকায় শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে জঙ্গিপুর সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের বাৎসরিক সাধারণ সভার অধিবেশন হইয়া গিয়াছে। উক্ত সভায় মুর্শিদাবাদ জেলার বিভাগীয় সহকারী রেজিষ্ট্রার মহোদয়, জেলার হিসাব পরীক্ষক, মহকুমার বিভাগীয় ইন্সপেক্টর, অডিটরগণ এবং বিশিষ্ট ও সাধারণ অংশীদারগণ উপস্থিত ছিলেন। সভাশেষে সকলকে জলযোগে আপ্যায়িত করা হয়।

---

## সরকারী বিজ্ঞপ্তি

বহরমপুর—খয়রামারি রুটে বাস চালাইবার স্থায়ী পারমিটের জন্য ( যতদূর সম্ভব বিশদ বিবরণী সহ ) আবেদনকারীদের নামের তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সচিবের নোটিশ বোর্ডে এবং সেই সঙ্গে জেলার প্রান্তবর্ত্তী মহকুমা অফিসগুলির নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কোন নিবেদন থাকিলে এই নোটিশ বাহির হইবার ৩০ দিনের মধ্যে উপরোক্ত অফিসার কর্ত্তৃক গৃহীত হইবে। যে সকল ব্যক্তি জনসাধারণের ব্যবহার্য যান এবং যাত্রীবাহী গাড়ীর পারমিট পুনর্নবীকরণ করিতে চাহেন তাঁহাদের নামের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের নোটিশবোর্ডে এবং সে সঙ্গে জেলার প্রান্তবর্ত্তী মহকুমা অফিসগুলির নোটিশবোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কোন নিবেদন থাকিলে তাহা এই নোটিশ প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে উপরোক্ত অফিসার কর্ত্তৃক গৃহীত হইবে।

---

### রেশন কার্ডে অধিবাসের ঠেলা

কাহারও রেশন কার্ড করিবার আবশ্যক হইলে তাঁহাকে নির্দ্ধারিত ফরমে মহকুমা কণ্ট্রোলার অফিসে দরখাস্ত করিতে হইবে। দরখাস্ত মঞ্জুর হইলে স্থানীয় সাব-ট্রেজারীতে প্রচলিত চালান ফরম পূরণ করিয়া দুই আনা জমা দিতে হইবে। উক্ত ট্রেজারী হইতে চালান লইয়া পুনরায় মহকুমা কণ্ট্রোলার অফিসে উহা জমা দেওয়ার পর রেশন কার্ডের ব্যবস্থা হইবে। উপরোক্ত নিয়মগুলি পালন করা আক্ষরিকগণের পক্ষে সম্ভব হইলেও হইতে পারে। নিরক্ষর ব্যক্তি ও স্ত্রীলোকগণের পক্ষে ইহা দুরূহ ব্যাপার। স্বাধীনতা কিরূপ মিলিয়াছে তাহা এই সামান্য ব্যাপারেই উপলব্ধি হইতেছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

**নিলামের দিন ১১ই আগষ্ট ১৯৫৮**

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৯২ খাং ডিঃ সেঃ গোবিন্দদাস নাথ দেং অমিয়-মোহন রায় দিং দাবি ১২৫ টাকা ৩৭ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৭ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ৪৯৫ দালান ঘর মায় কপাট, চৌকাঠ, তীর, জানালা ইত্যাদি সহ ॥০ অংশ ; ২নং লাট মৌজাদি ঐ ২৫ শতকের কাত ২৪৲ আঃ ১০৲ খং ৪৯৩ দালান ঘর মায় কপাট, চৌকাঠ, তীর, জানালা, ইত্যাদি সহ ॥০ অংশ।

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

**নিলামের দিন ১৮ই আগষ্ট ১৯৫৮**

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৭ খাং ডিঃ আইজানেসা বিবি দেং আবদুল খালেক সেখ দাবি ১৬ টাকা ৪৪ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩ শতকের কাত ৵০ আঃ ৫৲ খং ১১৫ স্বত্ব রায়ত স্থিতিবান

১৮ খাং ডিঃ ঐ দেং আবদুল কুদ্দুশ সেখ দিং দাবি ১৩ টাকা ৫৮ নঃ পঃ মৌজাদি ঐ ১২ শতকের কাত ।৵০ আঃ ৫৲ খং ২২৯ রায়ত মোকররী



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-10

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত ,

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"  টেলিফোন : বড়বাজার ৫৭১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়